গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আই.সি.টি'র মাধ্যমে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরে শিক্ষার প্রচলন (২য় পর্যায়) প্রকল্প
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।

স্মারক নং-মাউশি/আইসিটিপি-২/৭/২০১৭/ ৪০ তারিখ: ৩০/১০/২০১৭ খ্রি:

নিয়োগ বিজ্ঞপ্তি

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের আওতায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "আই.সি.টি'র মাধ্যমে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরে শিক্ষার প্রচলন (২য় পর্যায়)" শীর্ষক প্রকল্পের আওতায় সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে কেবলমাত্র প্রকল্পকালীন সময়ের জন্য (জুন ২০২০) নিম্নবর্ণিত শূন্যপদসমূহে সরকারি বিধিমোতাবেক ৩নং কলামে বর্ণিত সাকুল্য বেতনে নিয়োগ/প্যানেল তৈরীর লক্ষে প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম, গ্রেড ও বেতনস্কেল	সাকুল্য বেতন	পদের সংখ্যা	বয়স সীমা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
০১	০২	০৩	০৪	০৫	০৬
০১	হিসাবরক্ষক (গ্রেড-১২)	১৯,৭৮০/-	০১	৩০ বছর মুক্তিযোদ্ধা কোটা- ৩২ বছর	ন্যূনতম ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রী। সরকারি/বেসরকারি প্রতিষ্ঠান/প্রকল্পে ন্যূনতম ২ বছরের বাস্তব অভিজ্ঞতা। আইটি দক্ষতাসহ বাণিজ্য বিভাগের প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।
০২	কম্পিউটার অপারেটর কাম অফিস সহকারী (গ্রেড-১৬)	১৭,০৪৫/-	০২		ন্যূনতম ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রী। সরকারি/বেসরকারি প্রতিষ্ঠান/প্রকল্পে কম্পিউটার/ডাটা এন্ট্রি অপারেটর হিসেবে ২ বছরের বাস্তব অভিজ্ঞতা।

২। দরখাস্তের নমুনা ফরম:

০১ কপি ছবি আঠা দিয়ে লাগাতে হবে

চাকরির আবেদন ফরম

১.	পদের নাম:		
২.	বিজ্ঞপ্তির নম্বর:	তারিখ:	
৩.	প্রার্থীর নাম:	বাংলায়:	
		ইংরেজীতে (বড় অক্ষরে):	
৪.	জাতীয় পরিচয় নম্বর:		যে কোন একটি
	জন্ম নিবন্ধন নম্বর:		
৫.	জন্ম তারিখ:	৬. জন্মস্থান (জেলা):	
৭.	বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স:	বছর	মাস / দিন
৮.	মাতার নাম:		
৯.	পিতার নাম:		
১০.	ঠিকানা:	বর্তমান	স্থায়ী
	বাসা ও সড়ক (নাম ও নম্বর):		
	গ্রাম/পাড়া/মহল্লা:		
	ইউনিয়ন/ ওয়ার্ড:		
	ডাকঘর:		
	পোষ্ট কোড নম্বর:		
	উপজেলা:		
	জেলা:		
১১.	যোগাযোগ:	মোবাইল/টেলিফোন নম্বর:	ই-মেইল (যদি থাকে):
১২.	জাতীয়তা:	১৩.	জেন্ডার:
১৪.	ধর্ম:	১৫.	পেশা:
১৬.	শিক্ষাগত যোগ্যতা:		
১৭.	অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে):		
১৮	অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে):		
১৯.	কোটা (টিক দিন):	মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা	এতিম/ শারীরিক প্রতিবন্ধী
		ক্ষুদ্র নৃ-গোষ্ঠী / আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য	অন্যান্য (উল্লেখ করুন):
২০.	চালান নম্বর:	তারিখ:	
	ব্যাংক ও শাখার নাম:		
২১.	বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন):	হ্যাঁ / না	প্রযোজ্য নয়

পরীক্ষার নাম	বিষয়	শিক্ষা প্রতিষ্ঠান	পাসের সন	বোর্ড/বিশ্ববিদ্যালয়	গ্রেড/শ্রেণি/বিভাগ

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমানের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিক হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

তারিখ: প্রার্থীর স্বাক্ষর

৩। শর্তাবলী:

(১) আবেদনকারীকে ২নং অনুচ্ছেদে প্রদত্ত নির্ধারিত ফরমে আবেদন করতে হবে এবং ফরমের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য-উপাত্ত প্রদান করতে হবে। ওয়েবসাইট www.dshe.gov.bd এবং www.moedu.gov.bd এ আবেদন ফরম পাওয়া যাবে।

(২) আবেদন পত্রের সাথে শুধমাত্র সরকারি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি ছবি সংযুক্ত করতে হবে।

(৩) প্রার্থীর বয়স ০১/১১/২০১৭ তারিখে নিয়োগ বিজ্ঞপ্তির ৫ নং কলামে উল্লেখিত বয়সসীমার মধ্যে হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে স্বীকৃত শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত এসএসসি/সমমান পরীক্ষার সার্টিফিকেটে লিপিবদ্ধ জন্ম তারিখ প্রকৃত জন্ম তারিখ হিসেবে বিবেচিত হবে। বয়স সম্পর্কিত কোন এফিডেভিড গ্রহণযোগ্য হবে না।

(৪) সরকারি সমাপ্ত প্রকল্পের জনবল অন্য প্রকল্পে নিয়োগের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত ১৯ সেপ্টেম্বর ২০০৪ তারিখের সম-সওব্য/টিম-০১(২)/১১/২০০৩-১৬৫ নং স্মারক অনুসারে প্রবেশ পদে বয়সসীমা শিথিলযোগ্য।

(৫) প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে। বাংলাদেশের নাগরিক নয় এমন কারও সাথে বৈবাহিক সূত্রে আবদ্ধ হয়ে থাকলে কিংবা বিবাহের জন্য অঙ্গীকারাবদ্ধ হয়ে থাকলে তিনি আবেদন করার যোগ্য হবেন না।

(৬) প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাই এর পর শুধুমাত্র গ্রহণযোগ্য প্রার্থীদের প্রাথমিক নির্বাচনের লক্ষ্যে লিখিত পরীক্ষায় অংশ গ্রহণের জন্য আহবান করা হবে। ত্রুটিপূর্ণ ও অসম্পূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিত সরাসরি বাতিল বলে বিবেচিত হবে।

(৭) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ব্যবহারিক/মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে।

(৮) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ব্যবহারিক/মৌখিক পরীক্ষার সময় আবেদন ফরমে প্রদত্ত তথ্যসমূহ যাচাই এর জন্য আবশ্যিকভাবে নিম্নলিখিত কাগজপত্র প্রদর্শণ করতে হবে এবং প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ১ সেট ফটোকপি জমা দিতে হবে।
(ক) জাতীয় পরিচয়পত্রসহ শিক্ষাগত যোগ্যতার সনদের মূলকপি, (খ) মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা/পোষ্য ও অন্যান্য কোটার ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত/প্রতিস্বাক্ষরিত সার্টিফিকেট এর মূল কপি (গ) বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র ও অভিজ্ঞতা সনদ।

(৯) সরকারের সর্বশেষ জারিকৃত পরিপত্র/নীতিমালা অনুযায়ী কোটা সম্পর্কিত সকল বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।

(১০) আবেদনপত্রের সাথে "আই.সি.টি'র মাধ্যমে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরে শিক্ষার প্রচলন প্রকল্প (২য় পর্যায়)" এর নিয়োগ পরীক্ষার ফি বাবদ ১নং পদের জন্য ২০০/- (দুইশত), ২নং পদের জন্য ১০০/- (একশত) টাকার ট্রেজারি চালানের কপি (১-২৫৩১-০০০০-২০৩১ নং কোডে জমাদানকৃত) সংযুক্ত করে চাকরির আবেদনপত্রের নির্ধারিত কলামে বিস্তারিত বিবরণ উপস্থাপন করতে হবে।

(১১) প্রবেশপত্র প্রেরণের জন্য প্রার্থীর ডাক যোগাযোগের ঠিকানা সম্বলিত ৪.৫"X ১০" সাইজের খাম (১০/-টাকা মূল্যমানের ডাক টিকেটসহ) আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

(১২) নিয়োগ পরীক্ষার স্থান, তারিখ ও সময় প্রবেশপত্রের মাধ্যমে অবহিত করা হবে। প্রার্থীকে লিখিত অথবা মৌখিক পরীক্ষার জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

(১৩) নিয়োগ সংক্রান্ত সকল বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(১৪) কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তি সংশোধন/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

(১৫) আগ্রহী প্রার্থীদেরকে আগামী ২১/১১/২০১৭ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে প্রকল্প পরিচালক, আই.সি.টি'র মাধ্যমে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরে শিক্ষার প্রচলন (২য় পর্যায়) প্রকল্প, কক্ষ নং-১২২, শিক্ষা ভবন (১ম ব্লক), ১৬ আব্দুল গনি রোড, ঢাকা-১০০০ এর বরাবরে ডাকযোগে/সরাসরি অবশ্যই পৌছাতে হবে। নির্দিষ্ট সময়ের পর প্রাপ্ত আবেদনপত্র গ্রহণ করা হবে না।

৩০/১০/১৭

(প্রফেসর মোহাম্মদ জসীম উদ্দিন)
প্রকল্প পরিচালক